জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

নং- রেজি/এম.ফিল ও পিএইচ.ডি/২০২৩-২০২৪/৯৮২৭(১২০) তারিখ : ১২-০৬-২০২৩

এম.ফিল ও পিএইচ.ডি কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে এম.ফিল ও পিএইচ.ডি গবেষণা কোর্সে নিম্নেবর্ণিত বিভাগসমূহে খন্ডকালীন ও পূর্ণকালীন গবেষক ভর্তির জন্য দরখাস্ত আহবান করা হচ্ছে :

১. **এম.ফিল কোর্সে ভর্তির জন্য যোগ্যতা ও অন্যান্য শর্তাবলি এবং বিভাগসমূহ :**

গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদ/সমাজবিজ্ঞান অনুষদ/জীববিজ্ঞান অনুষদ/বিজনেস স্টাডিজ অনুষদ/ আইবিএ-জেইউ/আইআইটি/আইআরএস এন্ড জিআইএসঃ

কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/গণিত/পদার্থবিজ্ঞান/পরিবেশ বিজ্ঞান/পরিসংখ্যান/রসায়ন/অর্থনীতি/নৃবিজ্ঞান/ভূগোল ও পরিবেশ/ সরকার ও রাজনীতি/লোক-প্রশাসন/নগর ও অঞ্চল পরিকল্পনা/ উদ্ভিদবিজ্ঞান/প্রাণিবিদ্যা/ ফার্মেসী/বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং/প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান/মাইক্রোবায়োলজি/পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স/মার্কেটিং/ম্যানেজমেন্ট স্টাডিজ/ আইবিএ-জেইউ/আইআইটি/ইনস্টিটিউট অব রিমোট সেনসিং এন্ড জিআইএস।

ক. নম্বর পদ্ধতি :

মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার যে কোনো একটিতে ১ম বিভাগ ও অন্যটিতে ২য় বিভাগ (ন্যূনতম ৫০% নম্বর) সহ স্নাতক (সম্মান/পাস) ও স্নাতকোত্তর পরীক্ষার যে কোনো একটিতে ন্যূনতম ৫৫% নম্বর এবং অন্যটিতে ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে।

খ. গ্রেডিং পদ্ধতি :

মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার যে কোনো একটিতে জিপিএ ৪.০ এবং অন্যটিতে জিপিএ ৩.৫০ সহ স্নাতক (সম্মান/পাস) ও স্নাতকোত্তর পরীক্ষায় যে কোনো একটিতে ন্যূনতম সিজিপিএ/জিপিএ ৩.৫০ ও অন্যটিতে ন্যূনতম সিজিপিএ/জিপিএ ৩.২৫ থাকতে হবে।

কলা ও মানবিকী অনুষদ/বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট :

আন্তর্জাতিক সম্পর্ক/ইংরেজি/ইতিহাস/দর্শন/নাটক ও নাট্যতত্ত্ব/প্রত্নতত্ত্ব/বাংলা/বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি

ক. নম্বর পদ্ধতি :

মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান উভয় পরীক্ষায় ২য় বিভাগ (ন্যূনতম ৫০% নম্বর)সহ স্নাতক (সম্মান/পাস) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় ২য় শ্রেণি (ন্যূনতম ৫০% নম্বর) থাকতে হবে।

খ. গ্রেডিং পদ্ধতি :

মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৩.৫০ সহ স্নাতক (সম্মান/পাস) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ/জিপিএ ৩.০০ থাকতে হবে।

শুধুমাত্র নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের ক্ষেত্রে নাটক ও নাট্যতত্ত্ব বিষয়ে এম.ফিল কোর্সে ভর্তির জন্য স্বীকৃত জার্ণালে নাট্য বিষয়ে কমপক্ষে ১টি গবেষণামূলক রিভিউড প্রবন্ধ এবং আই.টি.আই (ইন্টারন্যাশনাল থিয়েটার ইনস্টিটিউট) অথবা বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশন কর্তৃক অনুমোদিত কোনো নাট্য সংস্থায় নাটকের যে কোনো (অভিনয়, নাট্য নির্দেশনা, নাটক রচনা, সেট ডিজাইন ও ফিল্ম) ক্ষেত্রে ২ বছরের কর্মঅভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিগণের স্নাতকোত্তর পর্যন্ত সকল পর্যায়ে অনূন্য (শতকরা ৫০% নম্বরসহ) ২য় শ্রেণি/বিভাগ অথবা সিজিপিএ/জিপিএ ৩.২৫ থাকতে হবে।

২. **পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য যোগ্যতা ও অন্যান্য শর্তাবলি এবং বিভাগসমূহ :**

গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদ/সমাজবিজ্ঞান অনুষদ/জীববিজ্ঞান অনুষদ/বিজনেস স্টাডিজ অনুষদ/ আইবিএ-জেইউ/আইআইটি/আইআরএস এন্ড জিআইএসঃ

কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/গণিত/পদার্থবিজ্ঞান/পরিবেশ বিজ্ঞান/পরিসংখ্যান/রসায়ন/ভূতাত্ত্বিক বিজ্ঞান/অর্থনীতি/ নৃবিজ্ঞান/ ভূগোল ও পরিবেশ/সরকার ও রাজনীতি/লোক-প্রশাসন/নগর ও অঞ্চল পরিকল্পনা/উদ্ভিদবিজ্ঞান/প্রাণিবিদ্যা/ ফার্মেসী/বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং/প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান/মাইক্রোবায়োলজি/পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স/ মার্কেটিং/ ম্যানেজমেন্ট স্টাডিজ/ আইবিএ-জেইউ/আইআইটি/ ইনস্টিটিউট অব রিমোট সেনসিং এন্ড জিআইএস।

ক) যে কোনো পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে এম.ফিল ডিগ্রি অথবা বিদেশের খ্যাতনামা বিশ্ববিদ্যালয় থেকে এম.ফিল ডিগ্রি বা মাস্টার্স ডিগ্রি থাকলে পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

অথবা

খ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের ক্ষেত্রে ন্যূনতম ২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

অথবা

গ) (i) **নম্বর পদ্ধতি :** মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার যে কোনো একটিতে ১ম বিভাগ ও অন্যটিতে ২য় বিভাগসহ (ন্যূনতম ৫০% নম্বর) সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (৪ বছর) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় ১ম শ্রেণি থাকতে হবে।

অথবা

৩ বছরের স্নাতক (সম্মান) ডিগ্রিধারী আবেদনকারীগণের মাধ্যমিক থেকে স্নাতকোত্তর পর্যন্ত শিক্ষাগত যোগ্যতার যে কোনো ৩টিতে ১ম শ্রেণি/বিভাগ এবং অন্যটিতে ২য় শ্রেণি/বিভাগ (ন্যূনতম ৫৫% নম্বর) থাকতে হবে।

(ii) **গ্রেডিং পদ্ধতিঃ** মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার যে কোনো একটিতে জিপিএ ৪.০০ ও অন্যটিতে জিপিএ ৩.৫০ সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (৪ বছর) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ/জিপিএ ৩.৫০ থাকতে হবে।

কলা ও মানবিকী অনুষদ/বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট :

আন্তর্জাতিক সম্পর্ক/ইংরেজি/ইতিহাস/দর্শন/নাটক ও নাট্যতত্ত্ব/প্রত্নতত্ত্ব/বাংলা/বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি

(ক) যে কোনো পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে এম.ফিল ডিগ্রি অথবা বিদেশের খ্যাতনামা বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স বা এম.ফিল ডিগ্রি থাকলে পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

অথবা

(খ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের ক্ষেত্রে ন্যূনপক্ষে ২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

অথবা

(গ) (i) **নম্বর পদ্ধতি :** মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার যে কোনো একটিতে ১ম বিভাগ ও অন্যটিতে ২য় বিভাগসহ (ন্যূনতম ৫০% নম্বর) সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (৪ বছর) ও স্নাতকোত্তর পরীক্ষার যে কোনো একটিতে ১ম শ্রেণি ও অন্যটিতে ২য় শ্রেণি (ন্যূনতম ৫০% নম্বর) থাকতে হবে।

অথবা

৩ বছরের স্নাতক (সম্মান) ডিগ্রিধারীদের মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার ২টিতেই ১ম বিভাগ এবং স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষার যে কোনো একটিতে ১ম শ্রেণি অন্যটিতে ২য় শ্রেণি (ন্যূনতম ৫০% নম্বর) থাকতে হবে।

(ii) **গ্রেডিং পদ্ধতি :** মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার যে কোনো একটিতে জিপিএ ৪.০০ ও অন্যটিতে ৩.৫০ সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (৪ বছর) ও স্নাতকোত্তর পরীক্ষার যে কোনো একটিতে সিজিপিএ/জিপিএ ৩.২৫ ও অন্যটিতে সিজিপিএ/ জিপিএ ৩.০০ থাকতে হবে।

(ঘ) (শুধু নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের ক্ষেত্রে) নাটক ও নাট্যতত্ত্ব বিষয়ে পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য স্বীকৃত জার্নালে নাট্য বিষয়ে কমপক্ষে ২টি গবেষণামূলক রিভিউড প্রবন্ধ এবং আই.টি.আই (ইন্টারন্যাশনাল থিয়েটার ইনস্টিটিউট) অথবা বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশন কর্তৃক অনুমোদিত কোনো নাট্য সংস্থায় নাটকের যে কোনো (অভিনয়, নাট্য নির্দেশনা, নাটক রচনা, সেট ডিজাইন ও ফিল্ম) ক্ষেত্রে ৩ বছরের প্রত্যক্ষ অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের স্নাতকোত্তর পর্যন্ত সকল পর্যায়ে অন্যূন (শতকরা ৫০% নম্বরসহ) ২য় শ্রেণি/বিভাগ অথবা সিজিপিএ/জিপিএ ৩.২৫ থাকতে হবে।

অর্থনীতি বিভাগ ও এমবিবিএস/সমমান ডিগ্রিধারীদের জন্য প্রযোজ্য :

১. শুধুমাত্র অর্থনীতিতে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারীরা অর্থনীতি বিভাগে আবেদন করতে পারবেন।
২. সরকারি মেডিকেল কলেজ হতে ডিগ্রিধারী এমবিবিএস/সমমান এবং ৪ বছরের অধিক ব্যাচেলর ডিগ্রিধারীগণ ফার্মেসী বিভাগে আবেদন করতে পারবেন।

১ ও ২ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রণী ব্যাংক লি:, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখা থেকে এম.ফিল আবেদন ফরম ১০০০/- (এক হাজার) টাকা এবং পিএইচ.ডি আবেদন ফরম ১৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা নগদ জমা দিয়ে সংগ্রহ করতে হবে। প্রাথমিক আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে আগামী ১৫-০৬-২০২৩ তারিখ থেকে ২০-০৭-২০২৩ তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতীত) স্ব স্ব বিভাগে জমা দিতে হবে। আবেদনপত্রের সঙ্গে অবশ্যই সকল পর্যায়ের পরীক্ষার সত্যায়িত মার্কশীট, সনদপত্রের অনুলিপি, দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও ২ সেট গবেষণা প্রস্তাব/সিনপসিস A4 সাইজ অফসেট কাগজে কম্পিউটারে মুদ্রণ করে আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে। দেশের অন্য কোনো বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রি অর্জন করে থাকলে সে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন বাতিলপূর্বক মাইগ্রেশন সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে। চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে বর্তমানে কর্মরত প্রতিষ্ঠান প্রধানের অনুমতিপত্রের ফটোকপি এবং ভর্তির সময় অবশ্যই স্ব স্ব নিয়োগকর্তার চূড়ান্ত অনুমতিপত্র জমা দিতে হবে। পূর্ণকালীন চাকরিরত গবেষকদের ভর্তির সময় অবশ্যই বর্তমান কর্মস্থলের নিয়োগকর্তার স্বাক্ষরিত ছুটির কাগজ জমা দিতে হবে। ভর্তি সংক্রান্ত অন্যান্য নিয়মাবলি সংশ্লিষ্ট বিভাগ কিংবা উচ্চশিক্ষা ও বৃত্তি শাখা থেকে জানা যাবে। যাচিত কাগজপত্র বা গবেষণা প্রস্তাব ব্যতীত অথবা অন্য কোনো প্রকারের অসম্পূর্ণ দরখাস্ত বিবেচিত হবে না। একজন প্রার্থী কেবলমাত্র যে কোনো একটি গবেষণা কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। পূর্বে ভর্তিকৃত যে কোনো কোর্সের গবেষক সংশ্লিষ্ট গবেষণা কাজ অসমাপ্ত রেখে বা সম্পন্ন না করে নতুন করে উচ্চতরো বা সমমর্যাদার স্ব বিভাগে বা অন্য কোনো বিভাগে ভর্তির জন্য আবেদন করতে পারবেন না। এম.ফিল ও পিএইচ.ডি-তে খন্ডকালীন গবেষকগণ বৃত্তির জন্য বিবেচিত হবেন না।

বি: দ্র: উপরোক্ত শর্ত পূরণ করে না এমন কোনো প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

স্বাক্ষর/-
ড. বি এম কামরুজ্জামান
ডেপুটি রেজিস্ট্রার (উচ্চশিক্ষা ও বৃত্তি)

স্মারক নং: উচ্চশিক্ষা ও বৃত্তি/এম.ফিল ও পিএইচ.ডি/২০২৩-২০২৪/৯৮২৭(১২০) তারিখ : ১২-০৬-২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১. প্রো-উপাচার্য (প্রশাসন) জাবি, সাভার, ঢাকা।
২. কোষাধ্যক্ষ, জাবি, সাভার, ঢাকা।
৩. সকল ডিন, জাবি, সাভার, ঢাকা।
৪. রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক) জাবি, সাভার, ঢাকা।
৫. পরিচালক, শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্র, জাবি, সাভার, ঢাকা।
৬. সকল প্রভোস্ট, জাবি, সাভার, ঢাকা।
৭. প্রক্টর, জাবি, সাভার, ঢাকা।
৮. সকল বিভাগীয় সভাপতি/অফিস প্রধান/ পরিচালক, আইবিএ-জেইউ/আইআইটি/বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি/ইনস্টিটিউট অব রিমোট সেনসিং এন্ড জিআইএস, জাবি, সাভার , ঢাকা।
৯. ভারপ্রাপ্ত শিক্ষক, আইসিটি সেল, জাবি, সাভার, ঢাকা (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচার করার জন্য অনুরোধ করা হলো)।
১০. সকল ডেপুটি রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস, জাবি, সাভার, ঢাকা।
১১. উপাচার্যের সচিব, ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য অফিস, জাবি, সাভার, ঢাকা (মাননীয় উপাচার্যের অবগতির জন্য)।
১২. অধ্যক্ষ, জাবি স্কুল ও কলেজ, জাবি, সাভার, ঢাকা।
১৩. ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড, জাবি শাখা, সাভার, ঢাকা।
১৪. সভাপতি/সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি, জাবি, সাভার, ঢাকা।
১৫. সভাপতি/সাধারণ সম্পাদক, অফিসার সমিতি, জাবি, সাভার, ঢাকা।
১৬. সভাপতি/সাধারণ সম্পাদক, সাংবাদিক সমিতি, প্রেসক্লাব, জাবি, সাভার, ঢাকা।

স্বাক্ষর/-
ডেপুটি রেজিস্ট্রার
(উচ্চশিক্ষা ও বৃত্তি)